রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, নভেম্বর ১৮, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৩ অগ্রহায়ণ, ১৪৩১/ ১৮ নভেম্বর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৮৯-আইন/২০২৪।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শ্রম অধিকার ও শ্রমিক কল্যাণ নিশ্চিত করিতে প্রয়োজনীয় সংস্কার প্রস্তাব করিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে 'শ্রম সংস্কার কমিশন' নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) **শ্রম সংস্কার কমিশন**

১) সৈয়দ সুলতান উদ্দিন আহমেদ, নির্বাহী পরিচালক, বিলস - কমিশন প্রধান

২) ড. মাহফুজুল হক, সাবেক সচিব
শ্রম ও কর্মসংস্থান এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় - সদস্য

৩) ড. জাকির হোসেন, অধ্যাপক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় - সদস্য

৪) জনাব তপন দত্ত, সভাপতি, চট্টগ্রাম বিভাগীয় কমিটি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, টিইউসি - সদস্য

৫) অ্যাডভোকেট এ কে এম নাসিম
সাবেক সভাপতি, বাংলাদেশ লেবার কোর্ট বার এসোসিয়েশন - সদস্য

৬) জনাব ম. কামরান টি রহমান, সাবেক সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন - সদস্য

৭) চৌধুরী আশিকুল আলম, সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ - সদস্য

৮) জনাব সাকিল আখতার চৌধুরী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ লেবার ফেডারেশন - সদস্য

৯) জনাব তাসলিমা আখতার, আলোকচিত্রী ও শ্রমিক আন্দোলন সংগঠক - সদস্য

১০) শিক্ষার্থী প্রতিনিধি - সদস্য।

(খ) কমিশন অবিলম্বে উহার কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;

(গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

(ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;

(ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;

(চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে; এবং

(ছ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd